সমকাল

তারিখ 3 MAY 2017
পৃষ্ঠা 2

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিন কর্মকর্তা কারাগারে

■ গাজীপুর প্রতিনিধি

দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোল্লাহ মাহফুজ আল হোসেনসহ তিন কর্মকর্তাকে কারাগারে পাঠিয়েছেন আদালত। মঙ্গলবার দুপুরে গাজীপুরের চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে বিচারক মোহাম্মদ আলসামছ জগলুল হোসেন তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এ মামলার অন্য আসামিরা হলেন– সাবেক ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. শহীদুর রহমান এবং সাবেক উপপরিচালক (অর্থ ও হিসাব) মো. শাহাব উদ্দিন বাদল।

দুদকের গাজীপুর জেলার আইনজীবী মো. মোজাম্মেল হক জানান, দুর্নীতির মামলায় উচ্চ আদালত থেকে অন্তর্বর্তী জামিনে থাকা ওই তিনজন আদালতের নির্দেশনা অনুযায়ী গাজীপুরের চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হয়ে জামিন আবেদন করেন। পরে শুনানি শেষে আদালতের বিচারক মোহাম্মদ আলসামছ জগলুল হোসেন তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। সরকারি সিদ্ধান্ত অমান্য করে বিধিবহির্ভূতভাবে ১৫৯ কর্মকর্তাকে সিলেকশন গ্রেড প্রদান এবং অর্থ আত্মসাতের অভিযোগে ২০১২ সালে ওই তিনজন ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি কাজী শহীদ উল্লাহসহ ১৩ জনকে আসামি করে জয়দেবপুর থানায় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক মামলা করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| ডেপুটি চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর